



আপনার সন্তানের COVID-19 ভ্যাকসিন (6 মাস - 4 বছর) নেওয়ার পর কি হতে পারে

COVID-19 -কে প্রতিহত করার জন্য শিশুদের ভ্যাকসিন নেওয়া তাদেরকে সহায়তা করতে পারে:

- COVID-19 -এ আক্রান্ত হওয়া থেকে।
- COVID-19 -এ আক্রান্ত হলেও অতিরিক্ত অসুস্থ হওয়ার হাত থেকে।
- যখন তারা স্কুল বা ডে-কেয়ারে যায় তখন তাদের নিরাপদ রাখতে।
- খেলাধুলা, প্লেডেট এবং অন্যান্য দলগত কার্যকলাপে অংশ নেওয়ার সময় তাদেরকে নিরাপদ রাখতে।

সাধারণ তথ্য

COVID-19 ভ্যাকসিনের পর আপনার সন্তানের শরীর অ্যান্টিবডি তৈরি করতে শুরু করবে এবং COVID-19 ভাইরাস থেকে সুরক্ষিত থাকার জন্য তাদের শরীরকে অন্যান্য উপায়ে তৈরি করবে। একে ইমিউন রেসপন্স বলা হয়। COVID-19 সংক্রমণের কারণ হয় এমন কোনও ভাইরাস এই ভ্যাকসিনে নেই।

শৈশবের অন্যান্য ভ্যাকসিনের মতো, বেশিরভাগ শিশুই COVID-19 ভ্যাকসিন নেওয়ার পর ভাল বোধ করবে। কেউ কেউ হয়তো 'কিছুটা অসুস্থ' অনুভব করতে পারে। ভ্যাকসিনটি যে কাজ করতে শুরু করেছে এটি সাধারণত তারই একটি লক্ষণ।

শিশুদের মধ্যে পরিলক্ষিত ভ্যাকসিনের সবচেয়ে সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলি হল এইগুলি:



শট নেওয়ার পর কী করবেন

COVID-19 ভ্যাকসিনের পর আপনার শিশুদের প্রচুর ভালবাসা এবং মনোযোগ দেওয়ার বিষয়টি নিশ্চিত করুন। ভ্যাকসিনের বেশিরভাগ পার্শ্ব প্রতিক্রিয়া সাধারণত হালকা এবং স্বল্পস্থায়ী হয়। যদি আপনার সন্তানের পার্শ্ব প্রতিক্রিয়া হয় তবে তাদেরকে আরও ভাল বোধ করতে সহায়তা করার জন্য আপনি কিছু জিনিস করতে পারেন।

শট নেওয়ার পর যদি ইনজেকশন সাইটটি ব্যথা হয়:

- একটি তোয়ালে বা স্যাঁতসেঁতে ওয়াশক্লথের মধ্যে মোড়ানো একটি কোল্ড প্যাকে 20 মিনিট পর্যন্ত বা যেমন প্রয়োজন সেই অনুসারে ব্যথার জায়গায় রাখুন।
- তাদের হাতে বা পায়ে ব্যথা ও ফোলাভাব কম করার জন্য তাদেরকে হাত বা পা নাড়ানোর জন্য উৎসাহিত করুন। শিশুদের ক্ষেত্রে, আপনি তাদের পা আলতো করে নাড়িয়ে দিতে পারেন।

- তাদের নন-অ্যাসপিরিন পেইন রিলিভার ওষুধ, যেমন ibuprofen (আইবুপ্রোফেন) বা acetaminophen (এসিটামিনোফেন) দিন। আপনার যদি ডোজিংয়ের জন্য সাহায্যের প্রয়োজন হয় তবে আপনার শিশুরোগ বিশেষজ্ঞ বা ফার্মাসিস্টের সাথে কথা বলুন।

যদি আপনার সন্তানের স্বর হয়:

- তাদের প্রচুর পরিমাণে পানীয় দিন, বিশেষ করে জল।
- তাদের নন-অ্যাসপিরিন পেইন রিলিভার ওষুধ, যেমন ibuprofen (আইবুপ্রোফেন) বা acetaminophen (এসিটামিনোফেন) দিন। আপনার যদি ডোজিংয়ের জন্য সাহায্যের প্রয়োজন হয় তবে আপনার শিশুরোগ বিশেষজ্ঞ বা ফার্মাসিস্টের সাথে কথা বলুন।

শিশু এবং ছোট বাচ্চার জন্য বিশেষ তথ্য

শিশু এবং ছোট বাচ্চারা কেমন অনুভব করছে তা তারা আপনাকে বলে বোঝাতে নাও পারে সেজন্য ভ্যাকসিন নেবার পর কয়েক দিনের জন্য তাদের প্রতি অতিরিক্ত মনোযোগ দেওয়া গুরুত্বপূর্ণ। তারা হয়তো খুঁতখুঁত করছে, বেশি কান্নাকাটি করছে, বা যতটা খায় ততটা খাচ্ছে না বলে মনে হতে পারে। কিছু শিশু তাদের ভ্যাকসিন শটের পর 24 ঘন্টার মধ্যে কম খেতে পারে।

তাদের ভ্যাকসিন নেওয়ার পর এই অতিরিক্ত পদক্ষেপগুলি নেওয়া সহায়ক হতে পারে:

- যেসব শিশু এখনও বুকের দুধ খায় তাদেরকে তাদের ভ্যাকসিন শট নেওয়ার পরে বুকের দুধ খাওয়ান।
- শিশুরা যে পায়ের ইঞ্জেকশন নিয়েছে, সেটিকে সময়ে সময়ে আলতো করে নাড়ান।
- শিশুদের ইনজেকশন সাইটে ব্যথা ও ফোলাভাব কমানোর জন্য সেখানে একটি ঠান্ডা, স্যাঁতসেঁতে ওয়াশক্লথ রাখুন।
- স্বরের ক্ষেত্রে, ঠান্ডা জলে স্পঞ্জ বাথ তাদেরকে শান্ত করতে পারে।

COVID-19 -এর টিকা নিয়ে মারাত্মক প্রতিক্রিয়া হওয়া বিরল ব্যাপার। তবে, কখন চিকিৎসা পরিশেষা গ্রহণ করতে হবে সেটা জানা গুরুত্বপূর্ণ।

আপনার শিশু বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করুন

- যদি পার্শ্ব প্রতিক্রিয়াগুলি উদ্বেগজনক হয় বা কয়েক দিন পর চলে যাচ্ছে বলে মনে না হয়।
- যদি আপনার শিশুর অত্যধিক স্বর (104 ডিগ্রি ফারেনহাইট (40 ডিগ্রি সেন্টিগ্রেড) বা তার বেশি) হয় বা ভ্যাকসিন নেবার পর দুর্বলতা অনুভব হয়।
- আপনি যদি এমন কিছু দেখেন যা আপনাকে উদ্ভিন্ন করে তোলে।

বেকর্ড এবং ফলো আপ

- তাদের প্রথম শট নেওয়ার সময় থেকে ভ্যাকসিন কার্ডটি মজুত রাখুন এবং সেটি তাদের পরবর্তী অ্যাপয়েন্টমেন্টে নিয়ে আসুন।
- যদি আপনার সন্তানের বয়স 6 মাস থেকে 4 বছরের মধ্যে হয়, তবে তাকে COVID-19 থেকে পুরোপুরি সুরক্ষিত রাখতে আমরা Moderna 2টি শট অথবা Pfizer-BioNTech 3টি শট দেওয়ার সুপারিশ করি।
- যদি আপনার শিশু ইমিউনোকমপ্রোমাইজড হয় (দুর্বল ইমিউন সিস্টেম যুক্ত হয়) তবে তার অতিরিক্ত ডোজ নেওয়ার প্রয়োজন হবে।
- আপনার সন্তানের পরবর্তী ভ্যাকসিন অ্যাপয়েন্টমেন্টের একটি নোট তৈরি করুন যাতে তারা যে পুরোপুরি ভ্যাকসিন প্রাপ্ত এবং পুরোপুরি সুরক্ষিত তা নিশ্চিত করতে পারেন।

আরও তথ্যের জন্য:



- <https://www.cdc.gov/vaccines/parents/visit/before-during-after-shots.html>
- <https://www.cdc.gov/vaccines/parents/visit/less-stressful.html>
- <https://covid19vaccine.health.ny.gov/combating-misinformation-about-covid-19-vaccines>